দৈনিক ইত্তেফাক

17

তারিখ ... OCT. ... 1999 ...
পৃষ্ঠা ২১ ... কলাম ১ ......

## শিক্ষামন্ত্রীর নিকট আইনের খসড়া হস্তান্তর

শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের নিকট গত বুধবার ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আইনের খসড়া এবং পাঠক্রম ও প্রশাসন

(৭ম পৃঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রীর

(৩য় পৃঃ পর)

সংক্রান্ত কার্যক্রমের উপর তৈরী প্রতিবেদন হস্তান্তর করা হয়। এ সংক্রান্ত কমিটির চেয়ারম্যান ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ মুহাম্মদ কায়েসউদ্দিন এই রিপোর্ট আনুষ্ঠানিকভাবে শিক্ষা মন্ত্রণালয়ে হস্তান্তর করেন। ১২টি জেলায় যেখানে কোন বিশ্ববিদ্যালয় নাই, সেখানে দেশের যে নূতন ১২টি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইবে তাহার চারিত্রিক বৈশিষ্ট্য কার্যক্রম ও প্রশাসনিক কাঠামো ইত্যাদি নির্ণয়ে শিক্ষা মন্ত্রণালয়ে ১৯৯৮ সালের ১৫ জন ৯ সদস্য বিশিষ্ট এ কমিটি গঠন করিয়াছিল। —তথ্য বিবরণী